



স্মারক নং-৩৭.০২.০০০০.১০৪.৯৯.০৫২.২০১৬.১২৮৬

তারিখ : ১৪/১২/২০২৩ খ্রি.


### অফিস আদেশ

‘সরকারিকৃত কলেজ শিক্ষক ও কর্মচারী আন্তীকরণ বিধিমালা-২০১৮’-এর আলোকে সদ্য সরকারিকৃত শহীদ নজমুল হক সরকারি কলেজ, নলডাঙ্গা, নাটোর-এর অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) শেখ মোঃ আয়ুব আলী অবসরজনিত কারণে ২৩-১০-২০২৩ তারিখে কলেজের দায়িত্বার হস্তান্তর করেন এবং কলেজের অর্থনৈতি বিষয়ের সহকারী অধ্যাপক (নন-ক্যাডার) জনাব মোঃ মামুনুর রশিদ ভারপ্রাপ্ত অধ্যক্ষ হিসেবে দায়িত্বার গ্রহণ করেন। সে মোতাবেক তিনি আর্থিক ক্ষমতা প্রদানের জন্য আবেদন করেন। অপরদিকে ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিষয়ের সহকারী অধ্যাপক (নন-ক্যাডার) জনাব এস.এম. ফিরোজ উদ্দিন নিজেকে কলেজের জ্যেষ্ঠ শিক্ষক দাবী করে ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব প্রদানের জন্য আবেদন করেন। বর্ণিত ০২ জন শিক্ষক-কে জ্যেষ্ঠতার স্বপক্ষে প্রমাণিক সকল তথ্য উপস্থাপনের জন্য অধিদপ্তরের ৩১-১০-২০২৩ তারিখের ৩৭.০২.০০০০, ১০৪.৯৯.০৫২.২০১৬-৯৫৪ স্মারকাদেশ মোতাবেক নির্দেশনা প্রদান করা হয়। উক্ত নির্দেশনার প্রক্ষিতে প্রেরিত তথ্য, নথিতে রক্ষিত তথ্য, সহকারী অধ্যাপক পদের ক্ষেত্র প্রাপ্তির তথ্য, চাকুরীর ধারাবাহিতা সংক্রান্ত তথ্য এবং মামলা সংক্রান্ত বিষয়ে শিক্ষা কর্মকর্তা (আইন শাখা)-এর মতামত পর্যালোচনা করে সার্বিক বিবেচনায় জনাব মোঃ মামুনুর রশিদ, সহকারী অধ্যাপক (নন-ক্যাডার), অর্থনৈতি-কে ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্বসহ সরকারি ও বিভিন্ন আর্থিক কার্যক্রম পরিচালনার জন্য শর্ত মোতাবেক আর্থিক ক্ষমতা প্রদান করা হলো।

#### শর্তসমূহ:

- ১। পরবর্তীতে অধ্যক্ষ/উপাধ্যক্ষ যোগদানের পর স্বয়ং ক্রিয়ভাবে এই আদেশে প্রদত্ত ক্ষমতা বিলুপ্ত হবে।
- ২। কলেজের কার্যাদি সম্পাদনের জন্য তাঁকে প্রতিষ্ঠানিক বেতন-ভাতা ও সম্মানীসহ আনুষঙ্গিক বিলম্বহু স্বাক্ষরদানের ক্ষমতা ট্রেজারী ও সাবসিডিয়ারী আইনের এসআরও/৯৬ ভলিউম-১ ধারা মোতাবেক সাময়িকভাবে প্রদান করা হলো।
- ৩। উল্লেখ্য যে, আর্থিক ক্ষমতা থাকাকালীন সময়ে যে কোনো প্রকার আর্থিক অনিয়মের জন্য তিনি দায়ী থাকবেন। তাঁকে নির্দিষ্ট রেজিস্টারে যথাযথভাবে হিসাব সংরক্ষণ করতে হবে। তিনি এর জন্য কোনো দায়িত্ব ভাতা প্রাপ্ত হবেন না।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

  
১৭.১২.২০২৩

(মোঃ তানভীর হাসান-১৮৩৮৯)  
সহকারী পরিচালক (কলেজ-২)  
ফোন নং- ৮১০৫০৬২৮

- অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:
- ১) সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা;
  - ২) পরিচালক (কলেজ ও প্রশাসন), মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, ঢাকা;
  - ৩) পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল, রাজশাহী;
  - ৪) জেলা প্রশাসক -----;
  - ৫) উপপরিচালক (কলেজ-১), সরকারি কলেজ শাখা-১, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, ঢাকা;
  - ৬) উপজেলা নির্বাহী অফিসার-----;
  - ৭) প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পলটন ঢাকা;
  - ৮) বিভাগীয়/জেলা/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, .....;
  - ৯) জনাব মোঃ মামুনুর রশিদ, শহীদ নজমুল হক সরকারি কলেজ, নলডাঙ্গা, নাটোর;
  - ১০) জনাব এস.এম. ফিরোজ উদ্দিন, শহীদ নজমুল হক সরকারি কলেজ, নলডাঙ্গা, নাটোর;
  - ১১) ব্যাংক ম্যানেজার -----;
  - ১২) সংরক্ষণ নথি।